

সৌদি বিশ্ববিদ্যালয়গুলোতে বাংলাদেশি শিক্ষক নিয়োগ হচ্ছে : পররাষ্ট্র উপদেষ্টা

যাযাদি রিপোর্ট

পররাষ্ট্র উপদেষ্টা ড. ইফতেখার আহমদ চৌধুরী বলেছেন, সৌদি বিশ্ববিদ্যালয়গুলো আরো অধিকহারে বাংলাদেশি শিক্ষক নিয়োগ দিতে আগ্রহ প্রকাশ করেছে। গতকাল পররাষ্ট্র মন্ত্রণালয়ে দেশটির সৌদি আরবের জাজান বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ড. আলী মোহাম্মদ মুসা তোবেইগির সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের এ কথা জানান উপদেষ্টা।

ড. তোবেইগির উপদেষ্টাকে জানান, ইতিমধ্যেই বোয়েসেলের মাধ্যমে সৌদি জাজান বিশ্ববিদ্যালয়ের জন্য ৪০ জন শিক্ষক নির্বাচিত করা হয়েছে। শিগগিরই আরো ৬০ জন শিক্ষক নিয়োগ দেয়া হবে।

উপদেষ্টা আরো বলেন, বিদেশি বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষক নিয়োগ আমাদের নীতির সঙ্গে সঙ্গতিপূর্ণ। সৌদি আরবে বাংলাদেশি শিক্ষাবিদরা যথেষ্ট সুনাম অর্জন করেছেন। নতুন নতুন বিশ্ববিদ্যালয়েও আমাদের শিক্ষকদের জন্য সুযোগ সৃষ্টি হবে। এসব বিশ্ববিদ্যালয়ে যাতে অধিকহারে বাংলাদেশি শিক্ষক নিয়োগের ব্যবস্থা করা যায় আমরা সে চেষ্টা অব্যাহত রাখবো। বৈঠকে সৌদি আরবের বিশ্ববিদ্যালয়ে ইংরেজি শিক্ষক হিসেবে কর্মরত ড. ফিরোজ মাহমুদও উপস্থিত ছিলেন।